

সিংহ ও ষাঁড়

এক সিংহের তাড়া খেয়ে এক ষাঁড় তুকেছে একটা গুহায়। সেই গুহায় কতগুলো বুনো ছাগল থাকতো। তারা ষাঁড়কে দেখা মাত্রই তাকে শিং দিয়ে গুঁতোতে লাগল।

ষাঁড় তখন ছাগলগুলিকে বলল, আমি যে তোমাদের এত গুত সহ্য করছি তা তোমাদের ভয়ে নয়। আমায় ধরবে বলে এক ভয়ংকর জানোয়ার বাইরে দাঁড়িয়ে আছে।

উপদেশ: বলবানের ভয়ে ভিত ব্যক্তিকে অনেক সময় দুর্বলের অত্যাচার সহ্য করতে হয়।

খ্যাকশিয়াল ও সিংহী

এক খ্যাকশিয়াল একদিন এক সিংহীকে বলল, অহংকার তো খুব তোমার! একটার বেশি বাচ্চা তো দিতে পার না। সিংহী তখন হেসে বলল, একটা বাচ্চাই হয় বটে আমার কিন্তু সে তো সিংহ বড় হয়ে হয় বনের রাজা।

উপদেশ: বহু নিঃশব্দে চেয়ে এক গুণবান ভাল।

চাষি ও সিংহ

এক চাষির মেয়েকে দেখে সিংহ তার প্রেমে পরে যায়। সে তখন চাষিকে গিয়ে বলে, তোমার মেয়েকে আমার সাথে বিয়ে দাও। সিংহের এই প্রস্তাবে চাষি খুব চিন্তায় পড়ল। একটা বন্য পশুর সাথে চাষি তার মেয়ের বিয়ে দিতে চায় না কিন্তু, এমন শক্তিশালী জীবকে সরাসরি প্রত্যাখ্যান করার সাহসও তার নেই। অথচ, সিংহ এদিকে নাছোড়বান্দা।

অনেক ভেবেচিন্তে চাষি বেশ বুদ্ধিমানের মতই সিংহকে বলল, তোমাকে জামাই হিসেবে পাব এত আমার পরম সৌভাগ্য! কিন্তু মেয়ে যে তোমার দাত আর নখ দেখে খুব ভয় পায়। তুমি তোমার দাতগুলি ভেঙে ও নখগুলি কেটে এস তাহলেই আমি আমার মেয়ের সাথে তোমার বিয়ে দেব।

চাষির এই কথা শুনে সিংহ খুশি হয়ে তার দাত ভেঙে ও নখ কেটে সিংহের বাড়িতে হাজির হল।

আর তখন, সিংহ তাকে অনায়াসে মুগর-পেটা করে তাড়িয়ে দিল।

উপদেশ: বুদ্ধি থাকলে বিপদে পড়তে হয়না।

বন্ধুরা, তোমরা এরকম আরও সুন্দর সুন্দর গল্প ও কমিক পেতে পার blackhash.weebly.com এই ঠিকানায়।